## উপজেলা আইসিটি বিষয়ক কমিটির এপ্রিল/২০২৬ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাছিবুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ। |
| তারিখ | : | ২৩/০৪/২০২৬ খ্রি.। |
| সময় | : | বেলা ১২:৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ-এর সভাকক্ষ। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর তিনি কমিটির সদস্য সচিব ও উপজেলা আইসিটি অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ-কে সভার এজেন্ডা ভিত্তিক কার্যক্রম শুরু করার আহবান জানান।

সভার আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রমিক | আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | **আলোচ্য সূচি: ০১.**<br>**নিয়মিত আইসিটি কমিটির সভা আয়োজন।**<br><br>**আলোচনা: ০১ :** সভাপতি বলেন, শ্রীনগর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, সমস্যা ও সমাধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আহবান করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:- ০১ :**<br>শ্রীনগর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, সমস্যা ও সমাধান কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা আইসিটি অফিসার শ্রীনগর, মুন্সীগঞ্জ<br>ও<br>সদস্য-সচিব<br>উপজেলা আইসিটি বিষয়ক কমিটি |
| ০২ | **আলোচ্য সূচি: ০২.**<br>**উপজেলার সকল দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা**<br><br>**আলোচনা: ০২ :** সদস্য সচিব বলেন, উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিস সমূহের নামে স্বতন্ত্র ডোমেইন খোলা আছে। উপজেলা তথ্য বাতায়নের কাজ ইতোমধ্যে শতভাগ সম্পন্ন হয়েছে। কিছু কিছু দপ্তর তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করছে।<br><br>**সিদ্ধান্ত:-০২**<br>উপজেলা পর্যায়ের দপ্তর সমূহের ওয়েব পোর্টাল এর নিয়মিত হালনাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর<br>২। উপজেলা আইসিটি অফিসার<br>৩। ইউডিসি উদ্যোক্তা/হিসাব সহকারী (সকল) |
| ০৩ | **আলোচ্য সূচি: ০৩.**<br>**দাপ্তরিক সকল কাজে অফিসিয়াল ই-মেইল এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।**<br><br>**আলোচনা: ০৩ :** সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তির ব্যবহার করে দ্রুত পত্র যোগাযোগ নিশ্চিত করতে ও গোপনীয়তা রক্ষার জন্য সরকারি ই-মেইল ব্যবহার অপরিহার্য। তদুপরি ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, পত্র যোগাযোগের ক্ষেত্রে সরকারি ই-মেইলের পরিবর্তে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার করা হচ্ছে, ফলে সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। এমতাবস্থায়, সরকারি কাজে যোগাযোগের ক্ষেত্রে ই-মেইল এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক তাঁর মেইলটি সচল করার জন্য অনুরোধ করা হলো।<br>**সিদ্ধান্ত:-০৩:**<br>ক. সকল সরকারি দপ্তর প্রতিদিন অন্ত:ত ২ বার করে (সকাল ৯:৩০ টা ও বিকাল ৩:৩০ টা) ওয়েব মেইলটি চেক করবেন। ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত পত্র নিষ্পত্তি করা যায় কিনা এ মর্মে আলোচনা করা হয়। | ১। উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |
| ০৪ | **আলোচ্য সূচি: ০৪** | ১। উপজেলা নির্বাহী অফিসার |

| | | |
|---|---|---|
| | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত স্কুল অফ ফিউচার ও আইসিটিডি ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ, মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন।**<br><br>**আলোচনা:০৪:** শ্রীনগর উপজেলায় ১টি স্কুল অফ ফিউচার ও ১৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবগুলো পরিদর্শন করা প্রয়োজন। মূল্যবান কম্পিউটার সামগ্রীগুলো যাতে অবহেলায় পরে থেকে নষ্ট না হয় এবং সেগুলো যাতে যথাযথ ব্যবহার করা হয় সে দিকে নজর দিতে হবে।<br><br>**সিদ্ধান্ত:-০৪:**<br>ক. শ্রীনগর উপজেলায় ১টি স্কুল অফ ফিউচার ও ১৪ টি প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে ও আইসিটি শিক্ষকসহ প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকদের ছোট ছোট ব্যাচ করে ছাত্র-ছাত্রীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। উপজেলা আইসিটি অফিসার<br>৪। আইসিটি শিক্ষক |
| ০৫ | **আলোচ্য সূচি: ০৫.**<br>**ইউডিসি পরিদর্শন/দর্শন ও এ সংক্রান্ত সমস্যা ও সমাধান।**<br><br>**আলোচনা: ০৫:** শ্রীনগর উপজেলায় ১৪টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে। সরকারি ই-সার্ভিস সমূহ জনগণের নিকট পৌঁছে দিতে ইউডিসিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সেন্টারগুলো সচল করার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:-৫ :**<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা আইসিটি অফিসার |
| ০৬ | **আলোচ্য সূচি: ০৬:**<br>**ডি-নথি এর ব্যবহার নিশ্চিত করণ।**<br><br>**আলোচনা: ০৬:** উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস বর্তমানে ডি-নথি সিস্টেম এর লাইভ সার্ভারে আছেন। অনলাইনে প্রতিদিন উক্ত দপ্তরসমূহের নথি সিস্টেমে নাগরিক/দাপ্তরিক পত্র জমা হচ্ছে। যাহা নিয়মিত ব্যবস্থা গ্রহণ ও নিষ্পত্তি করা প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত:-০৬ :**<br>সংশ্লিষ্ট দপ্তর নথি সিস্টেমে প্রাপ্ত নাগরিক/দাপ্তরিক পত্র নিয়মিত ব্যবস্থা গ্রহণ ও নিষ্পত্তি করবেন। | ১। উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তর |
| ০৭ | **আলোচ্য সূচি: ০৭:**<br>**দক্ষতা উন্নয়নে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।**<br><br>**আলোচনা: ০৭:** কমিটির সভাপতি এর নির্দেশনা অনুযায়ী আইসিটি খাতে শিক্ষকদের দক্ষতা উন্নয়ন, ছাত্রছাত্রীদের সাইবার সচেতনতা বৃদ্ধি এবং তরুণ বেকার যুবক-যুবতীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:-০৭ :**<br>বরাদ্দ পাওয়া সাপেক্ষে উপরোক্ত বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ১। উপজেলা আইসিটি অফিসার |



CamScanner

০২. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণ এর লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে সচেষ্ট হওয়ার আহবান এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

২৩/০৪/২০২৬

(হাম্বিবুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি

স্মারক নং- ৫৬.০৪.৫৯৮৪.০০০.০০০.৩১.০০০১.২৫- ২৮ তারিখঃ ২৩/০৪/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২) জেলা প্রশাসক ,মুন্সীগঞ্জ।
৩) চেয়ারম্যান/প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৪) ............................................, সদস্য, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৫) অফিস নথি।

২৩/০৪/২৬

(শারমিন আক্তার)
উপজেলা আইসিটি অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি



CamScanner